

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ শ্রাবণ, ১৪২২ বঙ্গাব্দ/২১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৩৩-আইন/২০১৫।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, পটুয়াখালী পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে, পটুয়াখালী সদর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদদ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে এল নং	দাগ নং
(১)	জৈনকাঠী	কেশবপুর	৮৬	২০০১-৩৫১১, ৭০০১-৮০৬৭
(২)	কালিকাপুর	বহালগাছিয়া	৮৪	১-১০৮৬, ৩০০১-৩৭৭৩
(৩)	কালিকাপুর	ডিবুয়াপুর	৮৩	১-৬২০
(৪)	কালিকাপুর	পূর্ব হেতালিয়া	৮২	১-২০৭৯
(৫)	ইটবাড়ীয়া	দুর্গাপুর	৩৯	১-৪৬২, ৫০১-১২৫৪
(৬)	ইটবাড়ীয়া	শারিকখালী	৫০	১-৯৮৮
(৭)	ইটবাড়ীয়া	বল্লাভ	৪৯	৩-৩৫৮

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরি-উক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে, এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপে উত্থাপিত আপত্তি তিন মাসের মধ্যে নিষ্পন্ন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খলিলুর রহমান

উপসচিব।

মোস্তুফা কামাল, উপপরিচালক(অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৫৯৫১)

মূল্য : টাকা ৪.০০